253

দৈনিক বাংলা

তারিখ 23 MAR 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

# যশোর বোর্ড ঃ ১২০০০ পরীক্ষার্থীর ফরম কম্পিউটার ফেরত দিয়েছে

**যশোর ব্যুরো ঃ** ২২ মার্চ।–যশোর শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন কেলেংকারির চাঞ্চল্যকর তথ্য বুধবার ফাঁস হয়েছে। বোর্ড কর্মকর্তাদের স্বাক্ষর জাল করে পাঠানো ১২ হাজার পরীক্ষার্থীর প্রিন্ট আউট (বিবরণী) কম্পিউটার প্রসেসকালে ধরা পড়ে। যা বুধবারেই শিক্ষা বোর্ডে ফেরত পাঠানো হয়েছে। এই পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন যে ভুয়া তা অবধারিত। ফলে, ভুয়া পরীক্ষার্থী হিসাবে এ পর্যন্ত প্রায় ২০ হাজার জনকে চিহ্নিত করা সম্ভব হতে চলেছে।

বুধবার শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, বুয়েটে কম্পিউটার প্রসেসের সময় ৩শ মাধ্যমিক বিদ্যালয়ের ১২ হাজার পরীক্ষার্থীর প্রিন্ট আউট সঠিক নয় বলে ধরা পড়ে। এগুলি ওইসব বিদ্যালয়ের নামে পাঠানো হয় বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাক্ষর জাল করে। বুধবার ফেরত আসা এসব প্রিন্ট আউট এখন যাচাই করে দেখা হচ্ছে। বোর্ডেরই একটি সূত্র জানায়— এগুলির রেজিস্ট্রেশন প্রকৃতপক্ষে ভুয়া। এটা জানা সত্ত্বেও যাচাই না করে কম্পিউটার প্রসেসের জন্য পাঠানো হয়েছিল। এখন তা ধরা পড়েছে। অন্য একটি সূত্র জানায় ঃ এখন বিষয়টি জানাজানি হবার পর নিজেদের দায়িত্ব এড়াতে বলা হচ্ছে স্বাক্ষর জাল করা হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে মোটা অর্থের বিনিময়ে বোর্ডেরই কিছু কর্মকর্তা-কর্মচারী ওইগুলি কম্পিউটারে পাঠানো। উল্লেখ্য, দৈনিক বাংলায়

(৫-এর পৃঃ দ্রঃ)

## যশোর বোর্ড ঃ ১২০০০ পরীক্ষার্থীর

(প্রথম পৃষ্ঠার পর)

কয়েকটি রিপোর্টে বলা হয়েছিল যাচাই না করে বহু ভুয়া পরীক্ষার্থীর প্রিন্ট আউট তড়িঘড়ি করে বুয়েটে পাঠানো হয়েছে।

শিক্ষা বোর্ডের হিসাব মতে এ পর্যন্ত প্রায় আট হাজার ভুয়া পরীক্ষার্থী চিহ্নিত করা গেছে। ওই ১২ হাজার তার অতিরিক্ত। বিভিন্ন সূত্রের মতে, ভুয়া পরীক্ষার্থীর সংখ্যা ৩০ থেকে ৪০ হাজারের মধ্যে। এখনও যারা কেলেংকারিতে যুক্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়নি। আগামী ২৮ মার্চ শিক্ষা বোর্ড কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে। ওই বৈঠকে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সম্ভাবনা আছে। উল্লেখ্য, আগামী ২০ এপ্রিল থেকে ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে যশোরসহ দেশের চারটি শিক্ষা বোর্ডে।